

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ডবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।


তারিখ: ২৬ জানুয়ারি, ২০২৫ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৬/০১/২০২৫ তারিখ রোজ রবিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব ইশরাত সিদ্দিকা এর নেতৃত্বে "তৃপ্তি ফুড এন্ড বেকারী", নলভোগ, নিশাতনগর, তুরাগ, উত্তরা, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযান পরিচালনাকালে কারখানাটিতে অত্যন্ত নোংরা পরিবেশে কেক, রুটি, বিভিন্ন ধরনের বিস্কুট, চানাচুর ইত্যাদি তৈরী ও প্যাকেট করতে দেখা যায় এবং তা প্রস্তুতকালে ফুড গ্রেডবিহীন কালার ও মাখন ব্যবহার করতে দেখা যায়। বিক্রয়ের জন্য যে কেক প্রস্তুত করা ছিল তার কোনটারই উৎপাদন ও মেয়াদোত্তীর্ণ এর কোন তারিখ ছিল না। এছাড়াও প্রতিষ্ঠানটিতে যে কেক, রুটি, বিস্কুট ও চানাচুর তৈরি করে বিক্রয়ের জন্য মজুদ করা ছিল তার কোনটারই কোনপ্রকার এর বি.এস.টি.আই অনুমোদন অথবা ট্রেডমার্ক সনদ নেই। এছাড়াও প্রতিষ্ঠানটি তাদের বাধ্যতামূলক নিবন্ধন অর্থ্যাৎ হালনাগাদকৃত ফায়ার লাইসেন্স, পরিবেশ ছাড়পত্র, প্রিমিসেস লাইসেন্স, খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ, পেস্ট কন্ট্রোল প্রমাণক ও পানি পরীক্ষার সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটির ব্যবস্থাপককে ৩,০০,০০০ (তিন লক্ষ টাকা) অর্থদণ্ড প্রদান করা হয় এবং তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

অভিযানকালে জনাব ইসফাক বিন ওয়াহেদ রহিম, মনিটরিং অফিসার; মো: আসলাম ভূইয়া, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টিম কোর্টকে সহযোগিতা করেন।



২৬.০১.২০২৫

বি. এম. মুহল আমিন রিমন

উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: [dd.enforcement@bfsa.gov.bd](mailto:dd.enforcement@bfsa.gov.bd)

### বিভরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।